

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২ কাকরাইল ঢাকা।


স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.২৯.০০২.১৬.

তারিখ : /১২/২০১৬খ্রিঃ।

বিষয় : আগামী ৯-১১ জানুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২১/১২/২০১৬ খ্রিঃ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আগামী ৯-১১ জানুয়ারি, ২০১৭ তারিখে জেলা পর্যায়ে উন্নয়ন মেলায় ইনস্টিটিউট অব মেরিণ টেকনোলজি, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র যৌথভাবে স্টল বরাদ্দ গ্রহণপূর্বক অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল জেলায় জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস বা ইনস্টিটিউট অব মেরিণ টেকনোলজি নেই, সে সকল জেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এককভাবে উক্ত মেলায় অংশগ্রহণ করবে। জেলা প্রশাসনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট জেলার (প্রযোজ্য ক্ষেত্রে) ইনস্টিটিউট অব মেরিণ টেকনোলজি এর অধ্যক্ষ, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর সহকারী পরিচালক এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এর অধ্যক্ষ স্টল বরাদ্দের বিষয়টি নিশ্চিত করবে।

মেলায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় বাজেট ও অন্যান্য তথ্য-উপাত্ত সরবরাহ করা হবে। স্টলকে আকর্ষণীয় করার লক্ষ্যে লিফলেট, ব্যানার, পোস্টার, মাল্টিমিডিয়া, ল্যাপটপ ইত্যাদি মেলায় প্রদর্শনের জন্য প্রকাশ ও সংগ্রহ করতে হবে।

  
(মোঃ সেলিম রেজা)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন- ৯৩৪৯৯২৫(অফিস)

ফ্যাক্সঃ ৮৮-০২-৮৩১৯৯৪৮

E-mail: [dg@bmet.gov.bd](mailto:dg@bmet.gov.bd)

প্রাপক :

- ১। অধ্যক্ষ  
ইনস্টিটিউট অব মেরিণ টেকনোলজি  
... ..।
- ২। অধ্যক্ষ  
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র  
... ..।
- ৩। সহকারী পরিচালক  
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস  
... ..।